
দৈনিক
ইত্তেফাক

তারিখ ..17 JUN 2017...
পৃষ্ঠা ..১৩... কলাম....৬......



বামনা (বরগুনা): উপজেলার গুদিকাটা আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয় কাম ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্রের নির্মাণ কাজ শেষ হওয়ার আগেই বিভিন্ন স্থানে ফাটল দেখা দিয়েছে
—ইত্তেফাক

# বামনায় বিদ্যালয় কাম সাইক্লোন শেল্টার নির্মাণের আগেই ফাটল

■ বামনা (বরগুনা) সংবাদদাতা

বামনা উপজেলার ডৌয়াতলা ইউনিয়নের গুদিকাটা আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত বিদ্যালয় কাম সাইক্লোন শেল্টারটি নির্মাণ কাজ শেষ হওয়ার আগেই বিভিন্ন স্থানে বড় বড় ফাটল দেখা দিয়েছে। এ ঘটনায় ওই বিদ্যালয়ের এসএমসি কমিটির সদস্য ও শিক্ষকরা উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে একটি লিখিত অভিযোগ পত্র দাখিল করেছেন।

তিনতলা বিশিষ্ট জাপান সরকারের অর্থায়নে নির্মিত ওই বিদ্যালয় কাম সাইক্লোন শেল্টারটির তৃতীয় তলার উপর থেকে পূর্ব-পশ্চিম বরাবর দ্বিতীয় তলা পর্যন্ত বড় বড় ফাটল দেখা দিয়েছে। এছাড়াও তিনতলা পর্যন্ত র‍্যাম্প সিঁড়ির বিভিন্ন জয়েন্টে ফাটল রয়েছে। জিএম কনস্ট্রাকশন নামে একটি ঠিকাদারী প্রতিষ্ঠান প্রায় ৩ কোটি ৪৫ লাখ টাকায় ওই সাইক্লোন শেল্টারটির নির্মাণ কাজ করছে।

স্থানীয় ইউপি সদস্য মো. বাদল হোসেন জানান, ওই ঠিকাদারী প্রতিষ্ঠান নিম্নমানের নির্মাণ সামগ্রী দিয়ে এই সাইক্লোন শেল্টারটি নির্মাণ করায় কাজ শেষ হওয়ার আগেই ফাটল ধরেছে। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আবদুস সত্তার জানান. কাজ চলাকালীন সময়ে তারা নির্মাণ সামগ্রীর নিম্নমান সম্পর্কে ওই ঠিকাদারকে অবহিত করলেও তারা সেই সামগ্রী দিয়েই কাজ সমাপ্ত করেছেন। আর এ জন্যই এই সাইক্লোন শেল্টারটি নির্মাণ কাজ শেষ হওয়ার আগে ফাটল ধরেছে। তৎকালীন দায়িত্বে থাকা বামনা উপজেলা প্রকৌশলী মো. মোশারেফ হোসেন বলেন, সাইক্লোন শেল্টারটির নির্মাণ কাজে কোনো ত্রুটি হয়নি। তবে প্লাস্টারের জয়েন্টে ফাটল দেখা যেতে পারে। প্রচণ্ড রোদে প্লাস্টারের জয়েন্টে এরকম ফাটল দেখা যায়। এ নিয়ে চিন্তার কোনো কারণ নেই।

জিএম কনস্ট্রাকশনের মালিকের সঙ্গে যোগাযোগ করে তাকে না পাওয়ায় দায়িত্বে থাকা একজন সুপারভাইজার মোঃ কাওসার হোসেনের কাছে এ বিষয়ে জানতে চাইলে তিনি কিছু জানাতে রাজি নয় বলে জানান। তবে তিনি স্থানীয় এমপিকে ফোন করে তথ্য নেয়ার পরামর্শ দেন।